

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 10.12.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, সকলের জন্য মানবাধিকার এবং সম্মান রক্ষা করতে ন্যায়সঙ্গত ডিজিটাল পরিমন্ডল সুনিশ্চিত করার গুরুত্বের ওপর জোর দিয়েছেন। নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ মানবাধিকার দিবস পালিত হচ্ছে।

২) বাংলাদেশের ঘটনায় কোন অপ্রীতিকর মন্তব্য কাম্য নয় বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। রাজনৈতিক উত্তেজনার প্রেক্ষিতে সেদেশে আটকে থাকা মিতালী এক্সপ্রেস আজ ভারতে ফিরেছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন – ২০২৪-এর চূড়ান্ত পর্বের তরুণ আবিষ্কর্তাদের সঙ্গে কথা বলবেন। আগামীকালই এর সূচনা হচ্ছে।

৪) নিম্ন আদালতে আর জি কর-এ হত্যা ও ধর্ষণ মামলার শুনানি সম্ভবত এক মাসের মধ্যেই সম্পূর্ণ হয়ে যাবে বলে সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে। শীর্ষ আদালতে এই মামলার পরবর্তী শুনানী আগামী ১৭-ই মার্চ।

৫) রাজ্যে আরও তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরির লক্ষ্যে আজ বিধানসভায় একটি বিল গৃহীত হয়েছে।

৬) বাংলা, আগামীকাল সৈয়দ মুস্তাক আলি টি -২০ ক্রিকেট টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনাল ম্যাচে বরোদার বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, সকলের জন্য মানবাধিকার এবং সম্মান রক্ষা করতে ন্যায়সঙ্গত ডিজিটাল পরিমন্ডল সুনিশ্চিত করার গুরুত্বের ওপর জোর দিয়েছেন। মানবাধিকার দিবস উপলক্ষ্যে নতুন দিল্লীর জাতীয় মানবাধিকার কমিশনের দফতরে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে রাষ্ট্রপতি বলেন, সাইবার অপরাধ এবং জলবায়ু পরিবর্তন মানবাধিকারের কাছে নতুন বিপদ হয়ে উঠেছে।

(বাইট দ্রৌপদী মূর্মু)

রাষ্ট্রপতি বলেন, দারিদ্র দূরীকরণ, ক্ষুধা নিবারণ এবং তরুণ সম্প্রদায়ের কাছে সমান সুযোগ পৌঁছে দেওয়ার নীতি বাস্তবায়নের ক্ষেত্রে ভারত বিশ্বের সামনে উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে প্রতিপন্ন হয়েছে। সমাজের প্রান্তিকতম মানুষের অধিকার তুলে ধরার পাশাপাশি মানবাধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালনের জন্য তিনি কমিশনের প্রশংসা করেন।

এদিকে, মানবাধিকার নিয়ে উল্লেখযোগ্য কাজ করার জন্যে প্রতি বছর দেশের বিশিষ্ট কিছু মানুষকে পুরস্কৃত করে নিউ দিল্লির ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ হিউম্যান রাইটস প্রতিষ্ঠান। বিভিন্ন আদালত ও কমিশনে মানবাধিকার রক্ষায় আইনি পরামর্শ এবং সহায়তার জন্যে এবছর ‘গ্লোবাল হিউম্যান রাইটস প্রটেকশান এওয়ার্ড’ তুলে দেওয়া হল বিশিষ্ট মানবাধিকার আইন বিশেষজ্ঞ ডঃ বরুণ কুমার দাশকে। পুরস্কার পাওয়ার পর তিনি বলেন, এই পুরস্কার তার মানবাধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে স্বীকৃতি।

(বাইট – বরুণ)

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে মানবাধিকারের সব সীমা লঙ্ঘিত হচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। মানবাধিকার দিবস উপলক্ষে আজ উত্তর ২৪ পরগনার বসিরহাটে ঘোজাডাঙা সীমান্তে বঙ্গীয় হিন্দুরক্ষা সমিতির আয়োজনে এক বিক্ষোভ সমাবেশে

অংশ নিয়ে শ্রী অধিকারী বলেন, ইস্কনের সন্ন্যাসী চিন্ময়প্রভুর গ্রেফতার ও সেদেশের সংখ্যালঘুদের ওপর লাগাতার অত্যাচারের বিরুদ্ধে গোটা পৃথিবী সরব হয়েছে।

(বাইট – শুভেন্দু)

সেদেশে হিন্দুদের ওপর আক্রমণ বন্ধ না হলে আগামী মাস থেকে লাগাতার ভারত-বাংলাদেশ সীমান্তে ট্রাক চলাচলের পথ অবরোধ করা হবে বলে হুঁশিয়ারী দেন শুভেন্দু। আজও এই সমাবেশের দরুণ বেশকিছুক্ষণ ট্রাক চলাচল ব্যাহত হয়।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিধানসভায় জানিয়েছেন, বাংলাদেশ বিষয়ে কোন অপ্রীতিকর মন্তব্য কখনোই কাম্য নয়।

(বাইট – মমতা)

অন্যদিকে, বাংলাদেশে এতোদিন ধরে যা চলছে, তার বিরুদ্ধে রাষ্ট্রসংঘ মানবাধিকার সংগঠনের পক্ষ থেকে পদক্ষেপ গ্রহণের আবেদন জানিয়েছেন, ইস্কন কলকাতার সহ সভাপতি রাধারমন দাস। মানবাধিকার দিবসে আজ তিনি বলেন, ইস্কনের আরও এক ভক্তের ওপর প্রাণঘাতী হামলার খবর পাওয়া গেছে। এই ঘটনায় তিনি গভীরভাবে মর্মান্বিত।

(বাইট – রাধারমন)

উল্লেখ্য, বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদে আজও বিভিন্ন জায়গায় প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচী পালন করা হয়। শিলিগুড়িতে হিউম্যান রাইটস্ ডে উপলক্ষে ইস্টবেঙ্গল ফ্যান ক্লাব গান্ধী মূর্তির পাদদেশে বিক্ষোভ প্রদর্শন করে। সংগঠনের সদস্য অনুপ বসু জানান, ক্লাবের সঙ্গে বাংলাদেশের নাম সরাসরি জড়িয়ে আছে। অবিলম্বে এই সমস্যার সমাধানে দাবি জানান তিনি।

হাওড়ার শরৎ সদনে হিন্দু বাঙালী সুরক্ষা সমিতির পক্ষ থেকে প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

পূর্ব বর্ধমানের বড় নিমপুর মোড় থেকে হিন্দু ঐক্য মঞ্চের একটি মিছিল যায় স্টেশন পর্যন্ত। বিভিন্ন আশ্রম ও মঠের সাধু সন্ন্যাসী সহ সাধারণ মানুষ যোগ দেন।

পাঁচ মাস পর ভারতীয় ভূখন্ডে ফিরলো মিতালী এক্সপ্রেস। গত ১৭-ই জুলাই বাংলাদেশী যাত্রীদের নিয়ে জলপাইগুড়ি টাউন স্টেশন থেকে হলদিবাড়ি ভারত -বাংলাদেশ সীমান্ত দিয়ে লালমণিরহাট হয়ে ঢাকা পৌঁছেছিল ট্রেনটি। এরপরই সেদেশে রাজনৈতিক পরিস্থিতির অবনতি ঘটতে থাকে। সেই থেকে ট্রেনের কোচগুলি ওপারে অযত্নে পড়েছিল। গতকাল দু-দেশের বিদেশ সচিব পর্যায়ের বৈঠকের পর বাংলাদেশ থেকে হলদিবাড়িতে ফিরিয়ে আনা হয় ট্রেনটি।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন - ২০২৪-এর চূড়ান্ত পর্বের তরুণ আবিষ্কর্তাদের সঙ্গে কথা বলবেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশেজুড়ে ৫১-টি কেন্দ্রে আয়োজিত ওই অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী। ১৩-শোর বেশি পড়ুয়াদের দল চূড়ান্ত প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করবেন।

এরাজ্যে আই আই টি খড়গপুরে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। পড়ুয়াদের ৩৫-টি দল সেখানে অংশ নেবে। উল্লেখ্য, আগামীকালই স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সূচনা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কাণ্ডে সিবিআই-এর সর্বশেষ স্ট্যাটাস রিপোর্ট পর্যবেক্ষণের পর সুপ্রিম কোর্ট জানিয়েছে, এই হত্যা ও ধর্ষণ মামলার শুনানি সম্ভবত এক মাসের মধ্যেই সম্পূর্ণ হয়ে যাবে। শিয়ালদায় বিশেষ সিবিআই আদালতে সোম থেকে বৃহস্পতি দৈনিক ভিত্তিতে এর শুনানি চলছে।

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে। সিবিআই-এর পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহেতা জানান, আর জি কর হাসপাতালের আর্থিক অনিয়মের বিষয় পৃথকভাবে তদন্ত করা হয়েছে। অভিযুক্ত ব্যক্তি সরকারী কর্মচারী হওয়ায় রাজ্য সরকারের অনুমতির জন্য অপেক্ষা করা হচ্ছে। নিহত

চিকিৎসক পড়ুয়ার পক্ষে আইনজীবী বৃন্দাগ্রোভার বলেন, সিবিআই হত্যা ও ধর্ষণ মামলায় অতিরিক্ত চার্জশিট পেশ করবে বলে আশা করছেন।

জুনিয়ার ডাক্তারদের পক্ষ থেকে আইনজীবী ইন্দিরা জয় সিং রাজ্যের পদক্ষেপের ওপর নজরদারি করার জন্য নিরপেক্ষ কমিটি গঠন করার দাবি জানান। এব্যাপারে প্রধান বিচারপতি তাদের জাতীয় টাস্কফোর্সের কাছে যেতে বলেন। সেখানেই সব দাবি বা অভিযোগ জানাতে পারবেন চিকিৎসকরা। সব খতিয়ে দেখে ১২ সপ্তাহ পর টাস্ক ফোর্স রিপোর্ট দেবে।

অন্যদিকে, আর জি কর-এর চিকিৎসক তরুণীর নাম প্রকাশ্যে নেওয়ায় কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার বিনীত কুমার গোয়েলের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারের অনুমতি দিয়েছে শীর্ষ আদালত। ১৭-ই মার্চ সুপ্রিম কোর্টে আর জি কর সংক্রান্ত মামলাটির পরবর্তী শুনানি।

এদিকে, সুপ্রিম কোর্টে আরজিকর মামলার শুনানি তিন মাসেরও বেশি সময় পিছিয়ে যাওয়ায় তীব্র হতাশা ব্যক্ত করেছেন নির্যাতিতার বাবা মা আদালতে সিবিআই মিথ্যা দাবী করছে বলেও অভিযোগ করেছেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আরও তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি হতে চলেছে। এর মধ্যে হুগলি জেলার ধনেখালিতে রবীন্দ্রনাথ ঠাকুরের নামাঙ্কিত এবং উত্তর ২৪ পরগণার আগরপাড়ায় রামকৃষ্ণ পরমহংস দেবের নামে বিশ্ববিদ্যালয় তৈরির জন্য আজ বিধানসভায় একটি বিল গৃহীত হয়েছে। বিলের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, সরকারি বেসরকারি মিলিয়ে এ রাজ্যে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়ে হচ্ছে ৪৬।

এর আগে বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী বিজেপি রাজ্যে নতুন বিশ্ববিদ্যালয় হওয়ার বিষয়টিকে স্বাগত জানালেও পরিকাঠামো সহ নানা বিষয় নিয়ে প্রশ্ন তোলেন। বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ অভিযোগ করেন, রাজ্যে একাধিক বিশ্ববিদ্যালয় তৈরি হলেও উপযুক্ত শিক্ষক বা পড়ানোর সরঞ্জামেরও ঘাটতি রয়েছে।

আইএসএফ সদস্য নৌশাদ সিদ্দিকি শিক্ষা ব্যবস্থাকে বেসরকারি হাতে তুলে দেওয়ার অভিযোগ আনেন।

আলোচনার শেষে ধ্বনী ভোটে বিল দুটি সভায় গৃহীত হয়। আগামী কাল দক্ষিণ কলকাতার ভবানীপুরে নতুন একটি বিশ্ববিদ্যালয় তৈরির উদ্দেশ্যে ‘দ্য ভবানীপুর গ্লোবাল ইউনিভার্সিটি বিল ২০২৪’ শীর্ষক একটি বিল নিয়ে বিধানসভায় আলোচনা হবে।

বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে বিজেপি ও আই এস এফ, রাজ্যে শিক্ষার পরিকাঠামো এবং বেসরকারীকরণ নিয়ে একাধিক অভিযোগ জানান।

০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার ডুমুরজলা স্টেডিয়ামের পরে এবার কিংবদন্তী প্রয়াত ফুটবলার শৈলেন মান্নার নামে হাওড়ার একটি রাস্তার নামকরণ করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। দিঘা সফরে রওনা হওয়ার আগে ডুমুরজলা হেলিপ্যাড গ্রাউন্ডে সাংবাদিকদের মুখোমুখি হন মুখোমুখি হন মুখ্যমন্ত্রী। সেখানেই নাম পরিবর্তনের কথা জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সপ্তম দিনে শিশির মঞ্চে “চলচ্চিত্র উৎসব তখন ও এখন” শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করা হয়। বিভিন্ন বক্তারা বলেন, বর্তমান সময়ে চলচ্চিত্র উৎসবকে সিনেমা বিপননের মাধ্যম হিসেবে গণ্য করা হয়ে থাকে। এরফলে সিনেমা প্রেমীরা ভালো ছবি দেখারও সুযোগ পান। সারা বিশ্বেই চলচ্চিত্র উৎসবের সংখ্যা বেড়ে চলায় নতুন প্রজন্মের পরিচালকরা তাদের ছবি সকলের সামনে তুলে ধরতে পারছেন।

আলোচনায় অংশ নেন জুডি গ্ল্যাডস্টোন, সুপ্রান সেন, ভি কে চেরিয়ান প্রমুখ।

চলচ্চিত্র সংগঠন ফোরাম ফর ফিল্ম স্টাডিজ এন্ড এলায়েড আর্টস এর সম্পাদক রবীন্দ্রনাথ ব্যানার্জি আকাশবাণীকে বলেন, সুষ্ঠুভাবে চলচ্চিত্র উৎসব সম্পন্ন করতে গেলে একটি স্থায়ী কমিটি প্রয়োজন যারা সারা বছর এটা নিয়ে কাজ করবে।

(বাইট - রবীন্দ্রনাথ ব্যানার্জী)

oooooooooooooooooooo

বাংলা, আগামীকাল সৈয়দ মুস্তাক আলি টি-২০ ক্রিকেট টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনাল ম্যাচে বরোদার বিরুদ্ধে খেলবে। ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল ১১ টায়। গতকাল প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে বাংলা চন্ডিগড়কে ৩ রানে হারিয়ে শেষ আটে পৌঁছেছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo